চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি পরীক্ষা, শিক্ষাবর্ষঃ ২০২০-২০২১

২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি বিজ্ঞপ্তি

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে বিভিন্ন ইউনিট/উপ-ইউনিটে ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তির জন্য নির্ধারিত শর্ত পূরণ সাপেক্ষে ২০১৮ সালের নিয়মিত মাধ্যমিক বা সমমান এবং ২০২০ সালের নিয়মিত উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ ভর্তিচ্ছু শিক্ষার্থীদের কাছ থেকে আবেদন আহ্বান করা যাচ্ছে। ভর্তিচ্ছুদের চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ভর্তির ওয়েবসাইট:(https://admission.cu.ac.bd) এর মাধ্যমে ওয়েবসাইটে প্রচারিত অনলাইনে আবেদন প্রক্রিয়া অনুসরণ করে আবেদন করতে হবে। ইউনিট/উপ-ইউনিট প্রতি আবেদন ফি ৫৫০/-(পাঁচশত পঞ্চাশ) টাকা মাত্র (প্রসেসিং ফি প্রযোজ্য)। নির্ধারিত আবেদন ফি ‘রকেট’/‘শিওর ক্যাশ’/‘বিকাশ’ Mobile Financial Service Operator এর মাধ্যমে জমা দেয়া যাবে।

ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের আবেদন ০৫ এপ্রিল ২০২১ তারিখ (সোমবার) সকাল ১১:০০ টা থেকে ৩০ এপ্রিল ২০২১ তারিখ (শুক্রবার) রাত ১১:৫৯ টা পর্যন্ত অনলাইনে করা যাবে। ০২ মে ২০২১ তারিখ (রবিবার) রাত ১১:৫৯ টা পর্যন্ত ইউনিট/উপ-ইউনিট প্রতি নির্ধারিত আবেদন ফি জমা দেয়া যাবে। আবেদনকারীকে সংশ্লিষ্ট ইউনিট/উপ-ইউনিটে একশত নম্বরের MCQ পদ্ধতিতে ভর্তি পরীক্ষায় এবং ব্যবহারিক পরীক্ষায় (প্রযোজ্য ক্ষেত্রে) অংশগ্রহণ করতে হবে। ভর্তি পরীক্ষায় মোট প্রাপ্ত নম্বর থেকে প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর কর্তন করা হবে। ইউনিট/উপ-ইউনিট ভিত্তিক ভর্তি পরীক্ষার তারিখ এবং এ সংক্রান্ত বিস্তারিত চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ভর্তির ওয়েবসাইটে:(https://admission.cu.ac.bd) প্রচারিত ভর্তি বিজ্ঞপ্তি এবং ভর্তি নির্দেশিকায় বর্ণিত আছে।

ভর্তির যোগ্যতাঃ যে সকল আবেদনকারী বাংলাদেশের যে কোন শিক্ষা বোর্ডের অধীনে ২০১৮ সালের নিয়মিত মাধ্যমিক বা দাখিল বা সমমান পরীক্ষা এবং ২০২০ সালের নিয়মিত উচ্চ মাধ্যমিক বা আলিম বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ হওয়া সাপেক্ষে যাদের নিম্নেবর্ণিত যোগ্যতা ও ভর্তি নির্দেশিকায় উল্লিখিত সংশ্লিষ্ট ইউনিট বা উপ-ইউনিট/অনুষদ/বিভাগ/ইনস্টিটিউট ভিত্তিক ভর্তির যোগ্যতা আছে তারা ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য বিবেচিত হবে।

ইউনিট/উপ-ইউনিট	ন্যূনতম যোগ্যতা
A ইউনিট বিজ্ঞান/জীববিজ্ঞান/ইঞ্জিনিয়ারিং/মেরিন সায়েন্সেস অ্যান্ড ফিশারিজ অনুষদভুক্ত সকল বিভাগ/ইনস্টিটিউট	মাধ্যমিক বা দাখিল বা সমমান পরীক্ষা এবং বিজ্ঞান/কৃষি বিজ্ঞান শাখায় উচ্চ মাধ্যমিক বা আলিম বা সমমান উভয় পরীক্ষায় ৪র্থ বিষয়সহ ন্যূনতম মোট জিপিএ ৮.০০; তবে উভয় পরীক্ষায় আলাদাভাবে ন্যূনতম জিপিএ ৪.০০
B ইউনিট কলা ও মানববিদ্যা অনুষদভুক্ত সকল বিভাগ/ইনস্টিটিউট (নাট্যকলা বিভাগ, চারুকলা ইনস্টিটিউট ও সংগীত বিভাগ ব্যতিত) **B1 উপ-ইউনিট** কলা ও মানববিদ্যা অনুষদভুক্ত নাট্যকলা বিভাগ, চারুকলা ইনস্টিটিউট ও সংগীত বিভাগ	মাধ্যমিক বা দাখিল বা সমমান পরীক্ষা এবং বিজ্ঞান/কৃষি বিজ্ঞান শাখায় উচ্চ মাধ্যমিক বা আলিম বা সমমান উভয় পরীক্ষায় ৪র্থ বিষয়সহ ন্যূনতম মোট জিপিএ ৮.০০; তবে উভয় পরীক্ষায় আলাদাভাবে ন্যূনতম জিপিএ ৩.৫০; **অথবা** মাধ্যমিক বা দাখিল বা সমমান পরীক্ষা এবং মানবিক/সাধারণ (মাদ্রাসা শিক্ষা বোর্ড)/মিউজিক/ গার্হস্থ্য অর্থনীতি শাখায় উচ্চ মাধ্যমিক বা আলিম বা সমমান উভয় পরীক্ষায় ৪র্থ বিষয়সহ ন্যূনতম মোট জিপিএ ৭.৫০; তবে উভয় পরীক্ষায় আলাদাভাবে ন্যূনতম জিপিএ ৩.০০; **অথবা** মাধ্যমিক বা দাখিল বা সমমান পরীক্ষা এবং ব্যবসায় শিক্ষা/ব্যবসায় ব্যবস্থাপনা/সমমান শাখায় উচ্চ মাধ্যমিক বা আলিম বা সমমান উভয় পরীক্ষায় ৪র্থ বিষয়সহ ন্যূনতম মোট জিপিএ ৮.০০; তবে উভয় পরীক্ষায় আলাদাভাবে ন্যূনতম জিপিএ ৩.৫০
C ইউনিট ব্যবসায় প্রশাসন অনুষদভুক্ত সকল বিভাগ	মাধ্যমিক বা দাখিল বা সমমান পরীক্ষা এবং ব্যবসায় শিক্ষা শাখায় নিয়মিত উচ্চ মাধ্যমিক বা আলিম বা সমমান উভয় পরীক্ষায় ৪র্থ বিষয়সহ ন্যূনতম মোট জিপিএ ৮.০০; তবে উভয় পরীক্ষায় আলাদাভাবে ন্যূনতম জিপিএ ৩.৫০ **অথবা** মাধ্যমিক বা সমমান পরীক্ষা এবং Accounting/Higher Accounting সহ ডিপ্লোমা-ইন-কমার্স/ডিপ্লোমা-ইন-বিজনেস স্টাডিজ/ডিপ্লোমা-ইন-বিজনেস ম্যানেজমেন্ট উভয় পরীক্ষায় ৪র্থ বিষয়সহ ন্যূনতম মোট জিপিএ ৮.০০; তবে উভয় পরীক্ষায় আলাদাভাবে ন্যূনতম জিপিএ ৩.৫০
D ইউনিট সমাজ বিজ্ঞান অনুষদভুক্ত সকল বিভাগ, আইন অনুষদভুক্ত আইন বিভাগ, ব্যবসায় প্রশাসন অনুষদভুক্ত সকল বিভাগ এবং জীববিজ্ঞান অনুষদভুক্ত ভূগোল ও পরিবেশবিদ্যা এবং মনোবিজ্ঞান বিভাগ	মাধ্যমিক বা দাখিল বা সমমান পরীক্ষা এবং যে কোন শাখায় নিয়মিত উচ্চ মাধ্যমিক বা আলিম বা সমমান উভয় পরীক্ষায় ৪র্থ বিষয়সহ ন্যূনতম মোট জিপিএ ৭.৫০; তবে উভয় পরীক্ষায় আলাদাভাবে ন্যূনতম জিপিএ ৩.৫০ পেয়েছে তারা D ইউনিটের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য বিবেচিত হবে। **তবে নিম্নে উল্লিখিত অনুষদ ভিত্তিক ন্যূনতম যোগ্যতাও প্রযোজ্য হবে।** i) মাধ্যমিক বা দাখিল বা সমমান পরীক্ষা এবং বিজ্ঞান/কৃষি বিজ্ঞান/মানবিক বা মিউজিক বা সাধারণ (মাদ্রাসা শিক্ষা বোর্ড) ব্যবসায় শিক্ষা/ব্যবসায় ব্যবস্থাপনা/গার্হস্থ্য অর্থনীতি শাখায় নিয়মিত উচ্চ মাধ্যমিক বা আলিম বা সমমান উভয় পরীক্ষায় ৪র্থ বিষয়সহ ন্যূনতম মোট জিপিএ ৭.৫০; তবে উভয় পরীক্ষায় আলাদাভাবে ন্যূনতম জিপিএ ৩.৫০ পেয়েছে তারা সমাজ বিজ্ঞান অনুষদভুক্ত সকল বিভাগে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য বিবেচিত হবে।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি পরীক্ষা, শিক্ষাবর্ষঃ ২০২০-২০২১

D ইউনিট সমাজ বিজ্ঞান অনুষদভুক্ত সকল বিভাগ, আইন অনুষদভুক্ত আইন বিভাগ, ব্যবসায় প্রশাসন অনুষদভুক্ত সকল বিভাগ এবং জীববিজ্ঞান অনুষদভুক্ত ভূগোল ও পরিবেশবিদ্যা এবং মনোবিজ্ঞান বিভাগ	ii) মাধ্যমিক বা দাখিল বা সমমান পরীক্ষা এবং যে কোন শাখায় উচ্চ মাধ্যমিক বা আলিম বা সমমান উভয় পরীক্ষায় ৪র্থ বিষয়সহ ন্যূনতম মোট জিপিএ ৮.৫০; তবে উভয় পরীক্ষায় আলাদাভাবে ন্যূনতম জিপিএ ৪.০০ পেয়েছে তারা আইন অনুষদভুক্ত আইন বিভাগে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য বিবেচিত হবে। iii) মাধ্যমিক বা দাখিল বা সমমান পরীক্ষা এবং বিজ্ঞান/কৃষি বিজ্ঞান/মানবিক বা মিউজিক বা সাধারণ (মাদ্রাসা শিক্ষা বোর্ড) শাখায় নিয়মিত উচ্চ মাধ্যমিক বা আলিম বা সমমান উভয় পরীক্ষায় ৪র্থ বিষয়সহ ন্যূনতম মোট জিপিএ ৮.০০; তবে উভয় পরীক্ষায় আলাদাভাবে ন্যূনতম জিপিএ ৩.৫০ পেয়েছে **অথবা** মাধ্যমিক বা দাখিল বা সমমান পরীক্ষা এবং Accounting/Higher Accounting ব্যতিত ডিপ্লোমা ইন কমার্স/ডিপ্লোমা ইন বিজনেস স্টাডিজ/ডিপ্লোমা ইন বিজনেস ম্যানেজমেন্ট উভয় পরীক্ষায় ৪র্থ বিষয়সহ ন্যূনতম মোট জিপিএ ৮.০০; তবে উভয় পরীক্ষায় আলাদাভাবে ন্যূনতম জিপিএ ৩.৫০ পেয়েছে তারা ব্যবসায় প্রশাসন অনুষদভুক্ত সকল বিভাগে (বিজ্ঞান ও মানবিক গ্রুপের আসনের জন্য) ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য বিবেচিত হবে। iv) মাধ্যমিক বা দাখিল বা সমমান পরীক্ষা এবং মানবিক বা মিউজিক বা সাধারণ (মাদ্রাসা শিক্ষা বোর্ড)..... শাখায় নিয়মিত উচ্চ মাধ্যমিক বা আলিম বা সমমান উভয় পরীক্ষায় ৪র্থ বিষয়সহ ন্যূনতম মোট জিপিএ ৭.৫০; তবে উভয় পরীক্ষায় আলাদাভাবে ন্যূনতম জিপিএ ৩.৫০ পেয়েছে তারা জীববিজ্ঞান অনুষদভুক্ত ভূগোল ও পরিবেশবিদ্যা এবং মনোবিজ্ঞান বিভাগে (মানবিক গ্রুপের আসনের জন্য) ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য বিবেচিত হবে।
D1 উপ-ইউনিট শিক্ষা অনুষদভুক্ত ফিজিক্যাল এডুকেশন এন্ড স্পোর্টস সায়েন্স বিভাগ	মাধ্যমিক বা দাখিল বা সমমান পরীক্ষা এবং যে কোন শাখায় নিয়মিত উচ্চ মাধ্যমিক বা আলিম বা সমমান উভয় পরীক্ষায় ৪র্থ বিষয়সহ ন্যূনতম মোট জিপিএ ৬.০০; তবে উভয় পরীক্ষায় আলাদাভাবে ন্যূনতম জিপিএ ২.৫০ পেয়েছে তারা শিক্ষা অনুষদভুক্ত ফিজিক্যাল এডুকেশন এন্ড স্পোর্টস সায়েন্স বিভাগে (D1 উপ-ইউনিট) ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য বিবেচিত হবে।
GCE (O Level & A Level) ও সমমান পরীক্ষায় উত্তীর্ণ এবং সমমানের বিদেশী সার্টিফিকেটধারীদের ক্ষেত্রে : যে সকল আবেদনকারী ২০১৮ সালের নিয়মিত জিসিই 'ও' লেভেল পরীক্ষায় এবং ২০২০ সালের নিয়মিত জিসিই 'এ' লেভেল পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে এবং ভর্তি নির্দেশিকায় উল্লিখিত ন্যূনতম যোগ্যতা রয়েছে তারা সংশ্লিষ্ট ইউনিট/উপ-ইউনিটে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য বিবেচিত হবে। এ সম্পর্কিত বিস্তারিত তথ্যাদি ভর্তির ওয়েবসাইটে:(https://admission.cu.ac.bd) প্রচারিত ভর্তি বিজ্ঞপ্তি এবং ভর্তি নির্দেশিকায় বর্ণিত আছে। এক্ষেত্রে GCE (O Level & A Level) ও সমমান পরীক্ষায় উত্তীর্ণ অথবা সমমানের বিদেশী সার্টিফিকেটধারীকে ভর্তি নির্দেশিকায় উল্লিখিত যথাযথ নিয়ম অনুসরণ করে Equivalent ID সংগ্রহপূর্বক আবেদন প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।	
এছাড়াও প্রার্থী যে বিভাগ/ইনস্টিটিউটে ভর্তি হতে ইচ্ছুক তাকে ভর্তি নির্দেশিকায় প্রতি ইউনিট/উপ-ইউনিটের ৩ নং ক্রমিকে উল্লিখিত ঐ বিভাগ/ইনস্টিটিউটের জন্য নির্ধারিত যোগ্যতা ও শর্ত পূরণ করতে হবে।	

আবেদনকারী পরীক্ষার্থীরা ০১ জুন ২০২১ তারিখ থেকে ভর্তি পরীক্ষা শুরু হওয়ার ১ (এক) ঘন্টা পূর্ব পর্যন্ত সংশ্লিষ্ট ইউনিট/উপ-ইউনিটের প্রবেশপত্র ডাউনলোড ও সংগ্রহ করতে পারবে। ০৫ এপ্রিল ২০২১ তারিখ থেকে ০৯ মে ২০২১ তারিখ পর্যন্ত আবেদনপত্র সংশোধন (প্রযোজ্য ক্ষেত্রে) করা যাবে। আবেদনপত্রের যে কোন প্রকার সংশোধনী বা ভর্তি পরীক্ষা সংক্রান্ত যে কোন ডকুমেন্টের ডুপ্লিকেট কপি নেয়ার জন্য (প্রযোজ্য ক্ষেত্রে) ৩০০/- (তিনশত) টাকা সার্ভিস চার্জ প্রযোজ্য হবে। এ সংক্রান্ত বিস্তারিত চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ভর্তির ওয়েবসাইটে:(https://admission.cu.ac.bd) প্রচারিত ভর্তি বিজ্ঞপ্তি এবং ভর্তি নির্দেশিকায় বর্ণিত আছে।

ভর্তি পরীক্ষার সময়সূচি, ভর্তির যোগ্যতা ও অনলাইনে আবেদন প্রক্রিয়ার বিস্তারিত তথ্যাদি, GCE (O Level & A Level) ও সমমান পরীক্ষায় উত্তীর্ণ এবং বিদেশী সার্টিফিকেটধারীদের ভর্তির যোগ্যতা ও আবেদন প্রক্রিয়া, কোটায় ভর্তির যোগ্যতা, মেধাস্কোর ও মেধাক্রমঃ, সংশ্লিষ্ট ইউনিট/উপ-ইউনিট ভর্তি পরীক্ষার মানবন্টন, সাধারণ আসন সংখ্যা, আবেদন সংশোধনের নিয়ম, ইউনিট কার্যালয়/হেল্প ডেস্ক/হট্লাইন এর নির্দিষ্ট ফোন নম্বর এবং ভর্তি পরীক্ষা ও ভর্তির নিয়ামাবলীসহ সংশ্লিষ্ট বিষয়ে যাবতীয় তথ্যাবলী চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ভর্তির ওয়েবসাইটে (https://admission.cu.ac.bd) প্রচারিত ভর্তি বিজ্ঞপ্তি ও ভর্তি নির্দেশিকায় পাওয়া যাবে। ওয়েবসাইটে প্রচারিত ভর্তি নির্দেশিকায় উল্লেখ নেই এমন কোন তথ্য জানতে হলে ভর্তি নির্দেশিকায় উল্লিখিত সংশ্লিষ্ট **ইউনিট কার্যালয়/হেল্প ডেস্ক/হট্লাইন এর নির্দিষ্ট ফোন নম্বরে** যোগাযোগ করতে হবে।

ভর্তি সংক্রান্ত যে কোন নিয়ম-নীতি পরিবর্তন, সংশোধন, সংযোজন ও বাতিলের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

বিঃদ্রঃ স্বাস্থ্য বিধি মেনে ভর্তি পরীক্ষা পরিচালনা করা হবে এবং সকল পরীক্ষার্থীকে পরীক্ষার হলে অবশ্যই মাস্ক পরিধান করতে হবে। কোন্ তারিখে কোন্ সময়ে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে তা ভর্তি পরীক্ষার রোল নম্বর নির্ধারণ করার পর সংশ্লিষ্ট আবেদনকারী পরীক্ষার্থী জানতে পারবে।

ডেপুটি রেজিস্ট্রার (একাডেমিক)
রেজিস্ট্রার দপ্তর
এবং সচিব, ভর্তি কমিটি
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়